গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩৮

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কর্মসূচি'র উদ্বোধন করেছেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা

রাজশাহী; ৩০ কার্তিক (১৫ নভেম্বর):

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কর্মসূচি'র উদ্বোধন করেছেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা ডা. ডবধান রঞ্জনরায় পোদ্দার। তিনি আজ(১৫ নভেম্বর) সকালে নাটোরের গুরুদাস পুরের খুবজীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মসূচি'র উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধানঅ তিথির বক্তব্যে উপদেষ্টা বলেন, প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নে এই ফিডিং কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়া, পুষ্টির অভাব ও বিদ্যালয় চলাকালীন শিশুদের স্বল্প সময়ের ক্ষুধা দূরীকরণেও এটা সহায়ক ভূমিকা পালন করবে। এর ফলে প্রাথমিক বিদ্যালয়ের শিশুরা পড়ালে খায় আরও মনোযোগী হবে এবং বিদ্যালয়ে আসতে আগ্রহী হবে। এই কর্মসূচি শিশুর শারীরিক ও মানসিক বিকাশে ও সহায়তা করবে।

এসময় তিনি এই উদ্যোগকে সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ উদ্যোগগুলোর অন্যতম বলে মন্তব্য করেন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবুনূর মো. শামসুজ্জামান এর সভাপতিত্বে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আবু তাহের মো. মাসুদ রানা, নাটোরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক আরিফ হোসেন, ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের (ডাব্লিউএফপি) বাংলাদেশের আবাসিক প্রতিনিধি ও কান্ট্রি ডিরেক্টও ডোমেনিকো স্ক্যালপেলি অনুষ্ঠানে বিশেষঅতিথি হিসাবে উপস্থিত ছিলেন। প্রকল্পটির পরিচালক মোহাম্মদ হারুন অর রশিদ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

উল্লেখ্য যে, 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফিডিং কর্মসূচি'র আওতায় ২০২৭ সালের ডিসেম্বও পর্যন্ত ১৫০টি উপজেলার ১৯ হাজার ৪১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩১ লাখ ১৩ হাজার শিক্ষার্থীকে সপ্তাহে পাঁচ স্কুল কর্মদিবসে ফর্টিফাইড বিস্কুট, কলাবা মৌসুমি ফল, বনরুটি, ডিম এবং ইউএইচটি দুধ প্রদান করা হবে। এর ফলে বিদ্যালয়ে শিশুদো উপস্থিতির হার শতকরা ৮০ ভাগের বেশি হবে এবং ঝওে পড়া রোধ হবে, প্রত্যেক বছর বিদ্যালয়ে প্রকৃত ভর্তিও হার শতকরা ১০ ভাগের বেশি বৃদ্ধি পাবে, বিদ্যালয়ে শিশুদেও ধরে রাখার হার ৯৯ শতাংশে উন্নীত হবে, বিদ্যালয়ে শিশুদেও পুষ্টিসমৃদ্ধ খাবার গ্রহণের হার ৯০ শতাংশের বেশি বৃদ্ধি পাবে। এছাড়া, এই কর্মসূচি শিক্ষার গুণগত মানউন্নয়নে ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। পর্যায়ক্রমে সারাদেশে এই কর্মসূচি সম্প্রসারণ করার বিষয়ে সরকারের পরিকল্পনা রয়েছে।

……………………………………

শিবলী/তৌহিদ/আতিক/স্মিতা ২০২৫/১৪:৪৫ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd